

Oral health program for disadvantaged kids in Bangladesh

ডাঃ নাহিদ সায়মা

অনেকদিন ধরেই একটা স্বপ্ন দেখছি। স্পষ্ট বাংলাদেশের ছোট ছোট বাচ্চাগুলোকে নিয়ে। এখানে যখন রোগী দেখি - প্রতিদিন, দিনের পর দিন, বছরের পর বছর - উভয় ডেজ অথবা উভয় এবং এর বড় একটা অংশ জুড়ে থাকে বাচ্চারা। চকচকে চোখ, একটুখানি ভয় মিশ্রিত উৎসাহ নিয়ে বাবা অথবা মায়ের হাত ধরে। প্রথমে ‘Just for a free ride’, ক্যামেরার কিছু ছবি কম্পিউটারের স্ক্রিনে দেখা আর শেষে একটা Gift bag নিয়ে বিজয়ের গর্বে নেমে আসে তারা ডেটাল চেয়ার থেকে। এরপর শুরু হয়ে যায় ৬ মাস পর পর Preventive maintenance - দাঁতের ব্যথার সাধ্য কি কাছে আসার!!

হায়রে আমার ছোটবেলার বাংলাদেশের Oral health এর স্মৃতি!! স্মৃতিতো বলতে গেলে নেই-ই, Prevention কি জিনিস কখনও তো জানতে পারিনি - চিকিৎসাই বা কতজনে সময়মত পায় - ঠিকমত ব্রাশ কিভাবে করতে হয় তাওতো কখনও কেউ শেখায়নি - ফ্লস করা শিখেছি ডেন্টাল কলেজে এসে- আর ফ্লোরাইড প্রোফাইল সিঙ্গে? - শুধুমাত্র বইয়ের কথা ছিল।

স্বপ্ন ছিল - যদি কখনও সম্ভব হয় দেশের বাচ্চাগুলো যারা পারে না ব্যথা সহ্য করতে কিন্তু যাদের জন্য “খাওয়ারই পয়সা নেই দাঁতের ডাক্তার তো অনেক দূরের কথা”- তাদের জন্য কিছু করতে পারার।

আমার ক্লিনিকে বিভিন্ন সময়ে বিভিন্ন বাংলাদেশী জানী গুণী জন আসেন, জুনিয়র ডেন্টিস্টরা কাজ করেন, কাজ দেখেন - সবার সাথে সুযোগ পেলেই আলাপ করি - সবাই উৎসাহ দেয়। আর আমি স্বপ্ন দেখতে থাকি।

এদেশের অর্থাৎ অস্ট্রেলিয়ার ডেন্টিস্টদের একটা ট্রেন্ড আছে - বছরে একবার দুইবার বিভিন্ন জায়গায় যেয়ে ফ্রি ট্রিটমেন্ট করা - মনের শাস্তির জন্য - আমিও নাম লেখাই মাঝে মাঝে, এখানকার প্রফেশনাল Organization এর মাধ্যমে। কিন্তু মনে মনে ভাবি - আমার নিজের দেশে করলে কেমন হয়? আবার ভাবি আমাদের তো বেসিক Need ই পূরণ হয় না, কিভাবে সম্ভব Oral health এ কিছু করা?!?

শেষ পর্যন্ত সাহস করে যোগাযোগ করেই ফেললাম গত বছর মাঝামাঝির দিকে, অস্ট্রেলিয়ার একজন খুব নামকরা Dental Public Health Consultant এর সাথে, তিনি অস্ট্রেলিয়ার Aboriginal Oral Health Improvement এর দেখাশোনার সাথে সাথে গত ১২ বছর ধরে কাজ করছেন Nepal এবং East Temor এ, World Community Health Programme এর মাধ্যমে।

বললাম Sandra কে আমার স্বপ্নের কথা। Coffee খেতে খেতে ইমোশনাল হলাম “‘দেখ, বিশ বছর ধরে দেশের বাইরে, খুব কষ্ট হয় আজকাল, ছোট খাট কাজ হয়তো আমি নিজেই করতে পারি। কিন্তু আমার ইচ্ছা বড় আকারে কিছু কাজ যদি করা যেতো বাচ্চাগুলোর জন্য ...’”।



Sandra দুই ফ্টা ধরে শুনল, তারপর জানাল, “নাহিদ, আমরা ঠিক জানিনা তোমাদের দেশটা কেমন, What's the layout, how many kids approximately – most importantly what's the real need –”

অতি উৎসাহী হয়ে ওকে বললাম বাংলাদেশে আসতে যদি সম্ভব হয়, আমি ওদেরকে দেখাব সত্যিকারের need ঠিক কতটা। মাসের পর মাস চিঠি আদান-প্রদান আর আলাপ-আলোচনার পর বেচারিকে সত্যিই রাজি হতে হলো।

বিশ বছর ধরে বিদেশে থাকার সময়ে বেশ কয়েকবারের মধ্যে এবারের দেশে যাওয়াটা ছিল আমার জন্য সবচেয়ে আনন্দময় - Free school moral health programme থেকে শুরু করে Dental Seminar, Dental Conference সব জায়গায় Sandra আর আমি, সাথে আমার অনেক প্রিয় বাংলাদেশী ডেন্টিস্ট বন্ধুরা, জুনিয়ররা, স্টুডেন্টরা।

Free চিকিৎসা দেয়া হোল প্রায় ৩০০ বাচ্চাকে, দাঁত তোলা হোল প্রায় ৮০টা, ফিলিং প্রায় ১০টা। Sandra র সাথে সাথে আমারও অবাক হওয়ার পালা যখন শুনলাম বাংলাদেশে কয়েক শত Project হচ্ছে বিভিন্ন Health Sector এ কিন্তু Oral Health এ একটাও নয়। এই যে হাজার হাজার Disadvantaged বাচ্চারা - এদের দাঁতের এবং মুখের যত্ন এবং চিকিৎসা করার জন্য কেউই কোন উদ্যোগ নেয়ানি কখনও বড় আকারে Non-government level এ।

হায়রে আমার নিজের দেশ!! কি অসহায় বাচ্চাগুলোর চাহনি - ইনফেকশনে ফুলে যাওয়া মাড়ি আর ভেঙ্গে পড়া দাঁত নিয়ে কিছুই করতে না পারার কষ্ট!!

Sandra আর বন্ধু ডেন্টিস্ট ডাঃ সানী , ডাঃ নওশীনকে সহ বিভিন্ন Organization এ কথা বললাম, BRAC এ গেলাম, NGO Forum For Public Health এ গেলাম, বিভিন্ন Dental Professional দের সাথে কথা বললাম, Seminar করলাম, Conference এ যোগ দিলাম, হেলথ রেডিওতে Live সাক্ষাত্কার এ আলোচনা করলাম। সবাই স্বীকার করে এর আবশ্যিকতা, সবাই সাহায্য করতে চায় সাধ্যমতো, কিন্তু FUND আমাদেরকে যোগাড় করতে হবে অস্ট্রেলিয়া থেকে।

ফিরে এলাম অস্ট্রেলিয়া - অনেক অনেক Planning - উৎসাহ - কিছু একটা করতেই হবে।

Sandra র সুন্দর Aboriginal Art এর কার্ড পেলাম - ও লিখেছে - কভেটা Influenced ও বাংলাদেশের সবকিছু দেখে- ও এখন প্রস্তুত Proposal ready করতে এবং আমাদের সাথে থেকে আমার স্বপ্নের বাস্তবায়নের ভাগীদার হতো। কি খুশী !! কি খুশী !!

এখন শুধু অপেক্ষা - প্রপোজাল তৈরি করে World Community Health Project এর Registrar এর Acceptance জোগাড় করা। বাংলাদেশী এবং অস্ট্রেলিয়ান ডেন্টিস্টদের মধ্যে ছোট একটা দলও যদি একেকজন মাত্র ১০টা করে ফ্রি চিকিৎসা করে তবুও কয়েক হাজার বাচ্চা প্রতিবছর হাসতে পারবে তাদের নিখুঁত হাসি!!

